গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিস
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.cooparative.kasba.brahmanbaria.gov.bd
ucokasba77@gmail.com

স্মারক নং : ০৮ তারিখ : ০৭/০১/২০২১

প্রাপক : যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় দপ্তর
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

মাধ্যম : জেলা সমবায় অফিসার,ব্রাহ্মণবাড়িয়া

বিষয়: কসবা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (রেজি: না-৬৩টি, তারিখ: ১৪৯/০২/১৯৬৫) এর কার্যক্রম সমবায় সমিতি আইন ২০০১ এর ৪৯ (ঙ) ধারায় তদন্ত সুপারিশ।

উপযুক্ত বিষয় আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কসবা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ২০২৩-২০২৪ সমবায় বর্ষের নিরীক্ষা প্রতিবেদন ও ২০২৪-২০২৫ সনের নিরীক্ষাকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত অনিয়মসমূহ উদঘাটিত হয়েছে।

১। বিগত ২০২৩-২০২৪ সনের অডিট রিপোর্টদৃষ্টে দেখা যায় (পর্যবেক্ষণ-২৭), ২৮/০২/২০২৪ তারিখে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রাথমিক সমিতির প্রতিনিধি ফরমে উপজেলা/জেলা সমবায় অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করা হয়নি। আপ্যায়ন খাতে ৩৬০২৪/-টাকা, বিবিধ ব্যয় খাতে ২২৪২৭/-টাকা ও কম্পিউটার যন্ত্রাংশ খাতে ৮৬৫০ টাকা বাজেট বহির্ভুত ব্যয় করা হয়েছে।
২। বিগত ২০২৩-২০২৪ সনের অডিট রিপোর্টদৃষ্টে দেখা যায়(পর্যবেক্ষণ-৩৪), বিগত ২০২২-২০২৩ সনে অডিট নোটের বিবরণী অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় অনুমোদন বিহীন ১টি কক্ষ নির্মাণের জন্য ৪ (চার) লক্ষ টাকা ব্যয় করা হয়েছিল। কিন্তু পরিশোধ করা হয়নি। আলোচ্য বর্ষে উক্ত ব্যয়ের জন্য ৮১৮০০০/-টাকা পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়ের জন্য অডিট অফিসার তৎকালীন সভাপতি জনাব মোঃ জহিরুল হক খাঁন ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ শরীফুর রহমানকে যৌথভাবে দায়ী করেছেন। অডিট অফিসার এ বিষয়ে তদন্তের সুপারিশ করেছেন।
৩। সমিতির নামীয় ৩ শতাংশ নিষ্কন্টক ভূমি অবৈধভাবে আড়াই বছর পূর্বে সাবেক সভাপতি জনাব জহিরুল হক খান নিজ উদ্যোগে কোন ধরনের বিভাগীয় অনুমতি ছাড়াই ৬টি দোকান নির্মাণ করেছেন। নির্মাণকালে উনি ব্যক্তিগতভাবে জামানত গ্রহণ করেছেন। আনুমানিক আড়াই বছর যাবত তিনি ব্যক্তিগতভাবে ভাড়া উত্তোলন করেন।কিন্তু সমিতিতে কোন অর্থ জমা করেন না। সমিতি আড়াই বছরে শুধু ভাড়া খাতে লক্ষ লক্ষ টাকা ক্ষতিগ্রস্ত হয়েছে।

উক্ত ৩টি বিষয়ে দায় নিরুপনের জন্য সমবায় সমিতি আইন ২০০১ এর ৪৯(ঙ) ধারায় তদন্ত করার জন্য জোর সুপারিশ করা হলো।

সংযুক্ত : ২০২০-২০২৪ সনের নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা রিপোর্ট।

উপজেলা সমবায় অফিসার
কসবা,ব্রাহ্মণবাড়িয়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিস
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.cooperative.kasba.brahmanbaria.gov.bd
ucokasba77@gmail.com

স্মারক নং : ৭৮ তারিখ : ২০/০৪/২০২৫খ্রি.

বিষয় : কসবা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (রেজি: নং-৬৩চি,তারিখ: ১৪/০৬/১৯৬৫) এর ২০২৩-২০২৪ সনের নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা প্রসঙ্গে।

সূত্র : বিভাগীয় সমবায় দপ্তর,চট্টগ্রাম এর আদেশ নং : ৪৭.৬১.০০০০.০০০.৩২.০০০১.২৫.১৪৫৪,তারিখ : ১৩/০৪/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কসবা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ২০২৩-২০২৪ সমবায় বর্ষের নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করে নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়েছে।

ব্যবস্থাপনা কমিটির ত্রুটি

০১। অডিটকালে আসবাবপত্রের তালিকা সরবরাহ করা হয়নি। জমির দলিল অডিট অফিসারের নিকট উপস্থাপন করা হয়নি। জমির দর পুনর্মূল্যায়ন করা হয়নি।

০২। এফডিআর হিসাবে বিনিয়োগের স্থিতির সঙ্গে ৪২৭৬৫০/-টাকা গড়মিল রয়েছে।

০৩। ঋণ বিতরণের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা ২০০৪(সংশোধিত ২০২০) এর ৭০-৭৫ বিধি অনুসরণ করা হয়নি। ঋণের ডিটেইল লিস্টের সাথে সমিতির হিসাবের ব্যাপক গড়মিল রয়েছে।

০৪। অগ্রিম পাওনার তালিকা অডিট অফিসারের নিকট দাখিল করা হয়নি।

০৫। মউ কর্মসূচির ব্যাংক সমন্বয় বিবরণী দাখিল করা হয়নি।

০৬। পরিশোধিত শেয়ার মূলধনের ক্ষেত্রে শেয়ার খতিয়ানের সাথে ডিটেইল লিস্টের গড়মিল পরিলক্ষিত হয়েছে।শেয়ার সার্টিফিকেট বিতরণ করা হয়নি। লভ্যাংশ বন্টন করা হয়নি।

০৭। সঞ্চিতি তহবিলসমূহ পৃথকভাবে সংরক্ষণ করা হয়নি।

০৮। উদ্বৃত্তপত্র ও ডিটেইল লিস্টে প্রদর্শিত শেয়ার ও সঞ্চয় আমানতের পরিমানের গড়মিল রয়েছে।

০৯। সমিতির কমিশন বাবদ সংরক্ষিত ১২৩৫৩৫/-টাকা প্রাথমিক সমিতির অনুকূলে বন্টন করা হয়নি।

১০। ম্যানেজার কমিশন বাবদ সংরক্ষিত ১৪০৯৫৩/-টাকা বন্টন করা হয়নি।

১১। সমিতির হিসাব বিবরণী নিবন্ধকের নিকট দাখিল করা হয়নি।

১২। কিছু কিছু ভাউচারে রাজস্ব টিকেট লাগানো হয়নি।

১৩। সদস্য সমিতিকে উপ-আইনের কপি সরবরাহ করা হয়নি। বিদ্যমান সমবায় সমিতি আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ করে উপ-আইন সংশোধন করা হয়নি।

১৪। ২৮/০২/২০২৪ তারিখে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রাথমিক সমিতির প্রতিনিধি ফরমে উপজেলা/জেলা সমবায় অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করা হয়নি। আপ্যায়ন খাতে ৩৬০২৪/-টাকা,বিবিধ ব্যয় খাতে ২২৪২৭/-টাকা ও কম্পিউটার যন্ত্রাংশ খাতে ৮৬৫০ টাকা বাজেট বহির্ভূত ব্যয় করা হয়েছে।

১৫। সমিতির সদস্য সংখ্যার গড়মিল রয়েছে।

১৬। সমিতির কর্মচারীর তালিকা দাখিল করা হয়নি।

১৭। আভ্যন্তরীণ অডিট ব্যবস্থা চালু করা হয়নি।

১৮। আমানত সুরক্ষা তহবিল গঠন করা হয়নি।

১৯। বিগত ২০২২-২০২৩ সনে অডিট নোটের বিবরণী অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় অনুমোদন বিহীন ১টি কক্ষ নির্মাণের জন্য ৪ (চার) লক্ষ টাকা ব্যয় করা হয়েছিল। কিন্তু পরিশোধ করা হয়নি। আলোচ্য বর্ষে উক্ত ব্যয়ের জন্য ৮১৮০০০/-টাকা পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়ের জন্য অডিট অফিসার তৎকালীন সভাপতি জনাব মোঃ জহিরুল হক খাঁন ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ শরীফুর রহমানকে যৌথভাবে দায়ী করেছেন। অডিট অফিসার এ বিষয়ে তদন্তের সুপারিশ করেছেন।

২০। বিগত ২০২২-২০২৩ সনে অডিট নোটের ত্রুটিসমূহের উপর অডিট সংশোধনী দাখিল করা হয়নি।

২০/০৪/২৫

## অডিট অফিসারের ত্রুটি সমূহ

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের ২৩/২/২০১৫ তারিখের ৪৭.৬১.০০০০.০৬৩.০১৮.০৪.১৪.৪২ নং সার্কুলার মোতাবেক ৩ ও ৪ নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়ে সুস্পষ্ট মন্তব্য করা হয় নাই।

০২। সমিতির মালিকানাধীন জমির বর্তমান অবস্থা, জমির মালিকানা বিষয়ে চলমান মামলার উপর বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়নি। সমিতির নামীয় জমিতে স্থাপিত দোকানের ভাড়াটিয়াগণের নাম, ভাড়ার পরিমান, বকেয়া ভাড়ার পরিমান চুক্তির মেয়াদ বিষয়ে বিস্তারিত তালিকা যুক্ত করা হয়নি। জমিগুলো সমিতির ভোগ দখলে রয়েছে কিনা বা বেদখল হয়েছে কিনা পরীক্ষান্তে এ বিষয়ে বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়নি। দোকান ভাড়া বিধিসম্মতভাবে প্রদান করা হয়েছে কিনা এ বিষয়ে বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়নি।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

উপজেলা সমবায় অফিসার
কসবা,ব্রাহ্মণবাড়িয়া।

যুগ্ম-নিবন্ধক,
বিভাগীয় সমবায় দপ্তর,
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম